**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, অপারেশন সিঁদুর সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে সারা বিশ্বে এক নতুন উৎসাহ ও উদ্দীপনা সঞ্চার করেছে।**

**(২) রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট সন্তোষজনক- জানালেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ।**

**(৩) স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া অর্থাৎ 'সাই'-এর উদ্যোগে আজ আগরতলায় 'সানডে সাইক্লিং' সূচনা করলেন রাজ্যপাল ইন্দ্রসেন রেড্ডি নাল্লু।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত যোগেশ চক্রবর্তী স্মৃতি ক্রিকেট প্রতিযোগিতায় শতদল সংঘ চ্যাম্পিয়ন।**

**************************************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন অপারেশন সিঁদুর সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই চালাতে সারা বিশ্বে এক নতুন উৎসাহ ও উদ্দীপনা সঞ্চার করেছে। আজ মন কি বাত-এর ১২২ তম পর্বে দেশবাসীর সাথে মতবিনিময় করতে গিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন। অপারেশন সিঁদুর চলাকালীন সশস্ত্র বাহিনীর বীরত্ব ও সাহসিকতারও তিনি প্রশংসা করেন। তিনি জানান, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের প্রশ্নে এবং একে নির্মূল করার লক্ষ্যে সারা দেশ ঐক্যবদ্ধ। প্রধানমন্ত্রী বলেন, দেশের সশস্ত্র বাহিনীকে সম্মান জানানোর জন্য দেশের বিভিন্ন শহর এবং গ্রামে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, দেশের সেনারা সন্ত্রাসের ঘাঁটিগুলি দেশীয় প্রযুক্তিতে তৈরি দেশীয় অস্ত্র দিয়ে ধ্বংস করেছে। এটাই আত্মনির্ভর ভারতের একটি লক্ষ্য। তিনি

দেশের ইঞ্জিনিয়ার এবং টেকনিশিয়ানদের কঠোর পরিশ্রমকে এরজন্য সম্পূর্ণ কৃতিত্ব দেন। এরফলে সারা দেশেই 'ভোকাল ফর লোকালে'র জনপ্রিয়তা আরো বৃদ্ধি পেয়েছে।

##########PM-Maan Ki Baat-1###########

প্রধানমন্ত্রী গড়চিরোলির কাটেঝাড়ি গ্রামের উল্লেখ করে বলেন যে মাওবাদের বিরুদ্ধে সঙ্ঘবদ্ধ লড়াইয়ের কারণেই এ সমস্ত এলাকায় জীবনযাপনের মূল প্রয়োজনীয় সুযোগ-সুবিধাগুলি পৌঁছাতে পারছে। ছত্রিশগড়ের মাওবাদী অধ্যুষিত এলাকায় ছেলেমেয়েরা শিক্ষা এবং ক্রীড়া ব্যাপারে অত্যন্ত উৎসাহী বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মানুষের বিভিন্ন উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। তিনি সিকিমের বিখ্যাত ক্রাফটেড ফাইবার বয়ন শিল্পের উল্লেখ করে বলেন এটি মূলত ভেড়া এবং খরগোশের পশম থেকে তৈরি হয়।

##########PM-Maan Ki Baat-2###########

আগামী একুশে জুন আন্তর্জাতিক যোগা দিবসের উল্লেখ করে প্রধানমন্ত্রী প্রত্যেককেই তাদের নিত্যদিনের জীবনে যোগকে অন্তর্ভুক্ত করার কথা বলেন। প্রধানমন্ত্রী দেশে কাগজ বর্জ্য ও তার কাগজের পুনর্ব্যবহারের উপরে গুরুত্ব আরোপ করেন।

******************************

**DGP Visit:**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ জানিয়েছেন, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট সন্তোষজনক। জনগণের সাথে নিবিড় সম্পর্ক গড়ে পুলিশ কাজ করছে। আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে জেলার পুলিশ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকের পর সাংবাদিকদের তিনি একথা জানান। তিনি বলেন, নেশামুক্ত রাজ্য গঠনে রাজ্যের মুখ্যমন্ত্রীর আহ্বান'কে গুরুত্ব দিয়ে পুলিশের নিরন্তর কর্মধারা জারি রয়েছে।

পরে পুলিশের মহানির্দেশক অনুরাগ ধর্মনগরে গিয়ে পুলিশ আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।

*****************************

**TJU GOMATI DIST Conference:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, সংবাদ মাধ্যম গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যমের অন্যতম কাজ হল সরকারের গঠনমূলক আলোচনা করা। আজ উদয়পুরে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন গোমতী জেলা কমিটির পঞ্চম দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন।

সম্মেলনে রতন দে কে সম্পাদক, দিলীপ দত্তকে সভাপতি ও শ্যামসুন্দর দত্তকে কোষাধ্যক্ষ করে ১৫ জনের গোমাতি জেলা কমিটি গঠন করা হয়েছে।

*****************************

**Sunday Cycling:**

স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া 'সাই'-এর উদ্যোগে আজ আগরতলায় 'সানডে সাইক্লিং' কর্মসূচী অনুষ্ঠিত হয়। নাগরিকদের স্বাস্থ্য সচেতনতার বার্তা দিয়ে এই কর্মসূচী গোটা দেশের সাথে রাজ্যেও অনুষ্ঠিত হচ্ছে। উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে এই সাইক্যাল র‍্যালি শুরু হয়ে রাজধানীর রাজপথ পরিক্রমা করে। রাজ্যপাল ইন্দ্রসেন রেড্ডি নাল্লু পতাকা নাড়িয়ে র‍্যালির সূচনা করেন। ছিলেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সহ ক্রীড়া আধিকারিকরা। রাজ্যপাল 'সাই'-এর এই কর্মসূচীর প্রশংসা করে বলেন সুস্থ শরীরের জন্য সাইকেল র‍্যালি খুবই উপযোগী। 'সাই' সেই কাজটাই সফলভাবে করছে। সাইকেল র‍্যালিতে ক্রীড়ামন্ত্রীও অংশ নেন। প্রায় শতাধিক উৎসাহী এই র‍্যালিতে সামিল হন।

*****************************

**PM- Meeting:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে এনডিএ শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রীদের এক বৈঠকে পৌরহিত্য করেন। সুশাসন

সংক্রান্ত একদিনের এই বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং বিজেপি সভাপতি জে পি নাড্ডাও উপস্থিত ছিলেন। বৈঠকে অপারেশন সিঁদুরের সাফল্যের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারতীয় সেনাবাহিনীকে ধন্যবাদ জানিয়ে একটি প্রস্তাব পাস হয়। এছাড়াও দেশে আসন্ন জনগণনার সময় জাতভিত্তিক গণনার সিদ্ধান্ত নেওয়ার কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়ে অপর একটি প্রস্তাব পাস হয়।

*****************************

**Jitendra Choudhury:**

সম্প্রতি চানমারি এলাকায় দুই শিশুর মৃত্যুর ঘটনায় তাদের পরিবারের পাশে দাঁড়ানোর জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহাকে ধন্যবাদ জানিয়েছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। পাশাপাশি মোহনপুরে রামসুন্দর পাড়ায় দুটি শিশু ও সাব্রুমের কালাঢেপায় নয় বছরের এক শিশুর মৃত্যুর ঘটনায় তাদের পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করার জন্য শ্রী চৌধুরী অনুরোধ জানিয়েছেন।

*****************************

**Bikash Debbarma:**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, কৃষি হচ্ছে অর্থনীতির ভিত্তি। কৃষকের জমি অনাবাদি পড়ে থাকা মানে অর্থনৈতিক ক্ষতি। এই সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে কাজ করে চলেছে সরকার। আজ কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের দক্ষিণ গোকুলনগর এডিসি ভিলেজের চিন্তাকুমার মলসমপাড়া এলাকায় অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় অংশ নিয়ে তিনি একথা বলেন ।

*****************************

**Nazrul Jayanti:**

আগামীকাল কবি কাজি নজরুল ইসলামের ১২৬ তম জন্ম জয়ন্তী।  রাজ্যেও কবির জন্মদিন পালনে সরকারী ও বেসরকারী উদ্যোগে নানা কর্মসূচী

নেওয়া হয়েছে। আগামীকাল সকালে আগরতলার নজরুল কলা ক্ষেত্রে তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে প্রভাতী কবি প্রনামের আয়োজন করা হয়েছে। এছাড়া নজরুল স্মৃতি মঞ্চ, অগ্নিবীণার মতো বেসরকারী সংস্থার পক্ষ থেকে নজরুল সঙ্গীত, নৃত্য, কবিতার মধ্যে দিয়ে কবির জন্ম জয়ন্তী পালন করা হবে। নজরুল জয়ন্তী উপলক্ষে আগামীকাল রাজ্যে সরকারী ছুটি।

*****************************

**JC Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত যোগেশ চক্রবর্তী স্মৃতি ক্রিকেট প্রতিযোগিতায় শতদল সংঘ চ্যাম্পিয়ন ও জয়নগর ক্রিকেট ক্লাব রানার্স হয়েছে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত তিনদিনের খেলায় আজ জয়নগর ক্রিকেট ক্লাব প্রথম ইনিংসে লিড নিয়ে স্ফুলিঙ্গ ক্লাবের সাথে ড্র করে। ফলে শতদল ১০ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন ও জয়নগর ৮ পয়েন্ট নিয়ে রানার্স হয়।

*****************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সাই এস টি সি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় সাই এস টি সি ২-০ গোলে সিমনা তমাকারী ফুটবল ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া অন্যান্য জেলায় বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি

থাকতে পারে।। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************